

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৫৭৭

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যেই কারণে এই নির্দেশ দেওয়া হয়েছে, তার বিবরণ

ذكر العلة التي من أجلها أمر بهذا الأمر

আরবী

2577 ـ أَخْبَرَنَا ابْنُ قُتَيْبَةَ قَالَ: حَدَّثَنَا حَرْمَلَةُ بْنُ يَحْيَى قَالَ: حَدَّثَنَا ابْنُ وَهْبِ قَالَ: أَخْبَرَنِي عُرْوَةُ بْنُ الزُّبَيْرِ أَنَّ عَائِشَةَ أَخْبَرَتْهُ: أَنَّ الْحُوْلَاءَ بِنْتَ تُويت بْنِ حَبِيبِ بْنِ عَبْدِ الْعُزَّى مَرَّتْ بِهَا وَعِنْدَهَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَتْ: هَذِهِ الْحَوْلَاءُ بِنْتُ تُويْتٍ زَعَمُوا أَنَّهَا لَا تَنَامُ بِاللَّيْلِ قَالَتْ: فَقَالَ عَلَيْهِ وَسَلَّمَ: (لَا تَنَامُ اللَّيْل! خُذُوا مِنَ الْعَمَل مَا تطيقون فو الله لا رَسُولُ الله حتى تسأموا)

الراوي: عَائِشَة | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2577 ا خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

২৫৭৭. আয়িশা রাদিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, হাওলা বিনতু তুওয়াইত বিন হাবীব বিন আসাদ বিন আব্দুল 'উয়া তাঁর পাশ দিয়ে অতিক্রম করেন এসময় রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাঁর পাশেই ছিলেন। 'আয়িশা রাদিয়াল্লাহু আনহা বলেন: "ইনি হাওলা বিনতু তুওয়াইত, লোকজন বলেন যে, তিনি সারারাত ঘুমান না।" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম: "সারারাত ঘুমায় না?! তোমরা সেই পরিমাণ আমলই গ্রহণ করো, যা পালন করতে পারবে। আল্লাহর কসম! আল্লাহ প্রতিদান দেওয়া থেকে ক্ষ্যান্ত হন না যতক্ষণ না তোমরা ইবাদত পালন করতে করতে বিরক্ত হয়ে যাও।"[1]

ফটনোট

[1] মুসনাদ আহমাদ: ৬/২৪৭।



হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১২৩৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন